গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চেয়ারম্যানের কার্যালয়, শ্রম আদালত,
রাজদিঘী টাওয়ার, উত্তর রাজদিঘীপাড়, গাজীপুর।

স্মারক নং- শ্র.আ.গা:/২০২৩/১৫৩ তারিখ: ০২/০৮/২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম আদালত, গাজীপুর এর নিম্নবর্ণিত শূন্য পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল ১১০০০-২৬৫৯০/- | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী এবং স্টেনোগ্রাফার ও স্টেনোটাইপিস্ট হিসেবে নিম্নবর্ণিত দক্ষতা থাকতে হবে।<br>সাঁটলিপি: ইংরেজিতে প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ।<br>কম্পিউটার মুদ্রাক্ষর: ইংরেজিতে প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। |
| ২ | হিসাবরক্ষক কাম ক্যাশিয়ার<br>গ্রেড- ১৫<br>বেতন স্কেল ৯৭০০-২৩৪৯০/- | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা |
| ৩ | বেঞ্চ সহকারী<br>গ্রেড- ১৫<br>বেতন স্কেল ৯৭০০-২৩৪৯০/- | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড- ১৬<br>বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- | ১(এক)টি | কোন স্বীকৃত বোর্ড হতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক পাস এবং মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজি ও বাংলা উভয় ক্ষেত্রে প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ। |
| ৫ | অফিস সহায়ক<br>গ্রেড- ২০<br>বেতন স্কেল ৮২৫০-২০০১০/- | ৩(তিন)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

শর্তাবলী:

১। উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সকল প্রার্থীকে চেয়ারম্যান, শ্রম আদালত, গাজীপুর বরাবর আবেদন করতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরম এবং ০২ (দুই) কপি প্রবেশপত্র যথাযথভাবে পূরণক্রমে আগ্রহী প্রার্থীগণকে চেয়ারম্যানের কার্যালয়, শ্রম আদালত, রাজদিঘী টাওয়ার, উত্তর রাজদিঘীরপাড়, গাজীপুর বরাবর আগামী ২০/০৮/২০২৩ পর্যন্ত অফিস চলাকলীন সময়ের মধ্যে সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা কপি https://gazipur.judiciary.gov.bd/ ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

৩। প্রার্থীর বয়স ৩১/০৭/২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

৪। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে:- (সত্যায়নের ক্ষেত্রে স্পষ্ট নাম ও পদবী সম্বলিত সীলমোহর থাকতে হবে)

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা, কোটা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি।

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন পদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি।

৬। সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

৭। আবেদনপত্রের সাথে অব্যবহৃত ১৫ টাকার ডাকটিকেট সংযুক্ত করে আবেদনকারীর নামসহ বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫/৪.৫ ইঞ্চি ফেরত খাম সংযুক্ত করে দিতে হবে।

৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। পরীক্ষার ফি বাবদ চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ), শ্রম আদালত, গাজীপুর বরাবরে ১-৪ নং পদের জন্য ২০০/- টাকা ও ৫ নং পদের জন্য ১০০/- টাকার পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত সকল আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১২। কোন প্রার্থী ভুয়া/জাল বা ভুল তথ্য দিয়ে আবেদন করলে /চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রর্থীর আবেদন/নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিলের অধিকার সংরক্ষণ করে।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বা:
(মাকসুদা খানম)
সভাপতি, বাছাই কমিটি
শ্রম আদালত, গাজীপুর।